

# স্টুডেন্টস হেলথ হোম

মালদা আঞ্চলিক কেন্দ্র  
অতুল মার্কেট (দ্বিতল)  
মালদা।

ছাত্র সমাজের শ্রম এবং রক্তদানে  
গড়া প্রতিষ্ঠান

## একটি আবেদন

ছাত্র/ছাত্রী বন্ধু,

ছাত্র-ছাত্রীদের মধ্যে স্বাস্থ্য আন্দোলন গড়ে তোলার উদ্দেশ্য নিয়ে পঞ্চাশের দশকের গোড়ায় এ রাজ্যে গড়ে উঠেছিল ছাত্র-ছাত্রীদের নিজস্ব প্রতিষ্ঠান স্টুডেন্টস হেলথ হোম। বর্তমানে এই আন্দোলন ছড়িয়ে পড়েছে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায়। এই আন্দোলন একদিকে যেমন কলকাতার মৌলালীর মোড়ে অবস্থিত পয়ষটি শয্যার হাসপাতালে স্টুডেন্টস হেলথ হোমের সদস্যদের আভ্যন্তরীণ চিকিৎসার দায়িত্ব গ্রহণ করেছে, তেমনি অন্যদিকে সারা রাজ্যে <sup>৩৫</sup> ৬১টি আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের বহির্বিভাগের চিকিৎসার ব্যবস্থা করেছে। বর্তমানে আমাদের প্রতিষ্ঠানের সদস্য সংখ্যা প্রায় <sup>৩০</sup> ২০ লক্ষ। তার সাথেই তাল মিলিয়ে আমাদের মালদা আঞ্চলিক কেন্দ্রের সদস্য সংখ্যা প্রায় ২১ হাজার। শুধু বিনামূল্যে অথবা স্বল্পমূল্যে চিকিৎসাই নয়, ছাত্র-ছাত্রীদের উদ্যোগে এবং শিক্ষক-শিক্ষিকা, চিকিৎসক ও হেলথ হোমের গুণানুধ্যায়ীদের সাহায্যে প্রতিবছর ছাত্র-

ছাত্রীদের মধ্যে রোগ প্রতিরোধমূলক কার্যসূচীও আমরা গ্রহণ করে চলেছি। পাশাপাশি ছাত্র-ছাত্রীদের মানসিক বিকাশের জন্য প্রতিবছর সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচী পরিচালনা করি।

স্টুডেন্টস হেলথ হোম মালদা আঞ্চলিক কেন্দ্র (অতুল মার্কেট, দ্বিতলে) এখন থেকে ছাত্র-ছাত্রীদের আরও বেশী করে স্বাস্থ্য পরিষেবা দেবার জন্য প্রত্যহ বিকেল ৩টা - ৬টা (ছুটির দিন বাদে) খোলা থাকছে। আমাদের নতুন মেডিকেল অফিসার (MO) সেখানে উপস্থিত থাকছেন। হেলথ হোমে এখন ক্লিনিক চার্জ প্রত্যহ ৩ টাকা। এই সামান্য অর্থের বিনিময়ে ছাত্র-ছাত্রীরা পাবে বিনামূল্যে ডাক্তারবাবুর নির্দেশমতো সমস্ত ঔষধ এবং পরীক্ষা-নিরীক্ষা করার জন্য হেলথ হোমের নিয়মানুযায়ী শতকরা টাকার ছাড়পত্র। এছাড়াও হোমের নির্দিষ্ট সময় বাদে কোনো ছাত্র/ছাত্রী অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হলে বিশেষ সুযোগ সুবিধার ব্যবস্থা রয়েছে। তাই স্টুডেন্টস হেলথ হোম, মালদা আঞ্চলিক কেন্দ্রের পক্ষ থেকে সমস্ত ছাত্র-ছাত্রীকে আমাদের হেলথ হোমের সদস্য হওয়ার আহ্বান জানাচ্ছি। পাশাপাশি যারা হেলথ হোমের সদস্য রয়েছেন তাদেরকে এই পরিষেবা গ্রহণ করার আবেদন করছি।

হেলথ হোম আজ আত্মনির্ভর সুস্বাস্থ্যের আজ্ঞাবাহী এক আধুনিক জীবনবোধের দিশারী। জাতির মেরুদণ্ড ছাত্র সমাজের এই উদ্যোগে সমাজের একজন প্রগতিশীল, এগিয়ে থাকা উন্নত চেতনা সম্পন্ন ছাত্র/ছাত্রী হিসেবে পাশে চাই আপনাকেও।